# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

### আরবী

وَعَن كَعْب بن عجْرَة قَالَ: إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى مَسْجِدَ بَنِي عَبْدِ الْأَشْهَلِ فَصَلَّى فِيهِ الْمَغْرِبَ فَلَمَّا قَضَوْا صَلَاتَهُمْ رَآهُمْ يُسَبِّحُونَ بَعْدَهَا فَقَالَ: «هَذِهِ صَلَاةُ الْبُيُوت» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَفِي رِوَايَةِ التِّرْمِذِيِّ وَالنَّسَائِيِّ قَامَ نَاسٌ يَتَنَفَّلُونَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «عَلَيْكُمْ بِهَذِهِ الصَّلَاة فِي الْبيُوت»

### বাংলা

১১৮২-[২৪] কা’ব ইবনু ’উজরাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আনসার গোত্র) বানী ’আবদুল আশহাল-এর মসজিদে আসলেন এবং এখানে মাগরিবের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। সালাত সমাপ্ত করার পর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কিছু মানুষকে নফল সালাত আদায় করতে দেখলেন। তিনি বললেন এসব (নফল) সালাত বাড়িতে পড়ার জন্যে। (আবূ দাঊদ, তিরমিযী ও নাসায়ীর এক সূত্রে পাওয়া যায়, লোকেরা ফরয সালাত আদায় করার পর নফল সালাত আদায়ের জন্যে দাঁড়ালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’এসব সালাত তোমাদের বাড়ীতে আদায় করা উচিত’।)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৩০০, আত্ তিরমিযী ৬০৪, নাসায়ী ১৬০০, ইবনু খুযায়মাহ্ ১২০১, সহীহ আল জামি‘ ৭০১০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: هذِه صَلَاةُ الْبُيُوْت এটি তো বাড়ীর সালাত (সালাত/নামায/নামাজ)। অর্থাৎ এ সালাত বাড়ীতে আদায় করাই উত্তম মসজিদে আদায় করার চাইতে। আলী ক্বারী বলেন, এ সালাত বাড়ীতে আদায় করা তার জন্য উত্তম যিনি ফরয সালাত করার পর বাড়ীতে চলে যাওয়ার ইচ্ছা রাখেন। যিনি ফরয সালাতের পর বাড়ীতে না যেয়ে মসজিদে অবস্থান করার জন্য ইচ্ছা পোষণ করেন তিনি মসজিদেই তা আদায় করবেন। আর সর্বসম্মতিক্রমে তা

মাকরূহ নয়।

عَلَيْكُمْ بِهَذِهِ الصَّلَاة فِي الْبُيُوت তোমাদের উচিত এ সালাত ঘরে আদায় করা এতে উত্তম ও আফযাল কাজের প্রতি দিক নির্দেশনা দেয়া হয়েছে। তা ঘরে আদায় করা ওয়াজিব নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55742

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন